

৬.৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.nanl.gov.bd

সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ প্রতিবেদন।

সিটিজেন্স চার্টার পরিবীক্ষণ কমিটির সকল সদস্য গত ০৫.০৯.২০১৯ তারিখে সিটিজেন্স চার্টার অনুযায়ী গবেষণা সেবা পাচ্ছেন কিনা তা সরেজমিনে পরিদর্শন করেন। প্রথমে সিটিজেন্স চার্টার পরিবীক্ষণ কমিটি জাতীয় আরকাইভস পরিদর্শন করেন। জাতীয় আরকাইভস পরিদর্শনে দেখা যায় যে, গবেষকগণ যথারীতি গবেষণা কার্যক্রম করছেন। গবেষকদের সঙ্গে আলোচনাক্রমে জানা যায় যে, গবেষণা কাজে তাদের কোন সমস্যা হচ্ছে না। তারা এটাও জানান যে, কাঙ্ক্ষিত মানে ও সঠিক সময়ে সেবা পাচ্ছেন।

তারপর সিটিজেন্স চার্টার পরিবীক্ষণ কমিটি জাতীয় গ্রন্থাগার ভবনের পাঠকক্ষ পরিদর্শন করেন। পরিদর্শনকালে পাঠকগণের সঙ্গে কথা বলে জানা যায় যে, তারা নিয়মিত এখানে পড়াশুনা করছেন। এক্ষেত্রে তাদের কোনও সমস্যা হচ্ছে না। পরবর্তীতে দলটি ডে-কেয়ার সেন্টার পরিদর্শন করেন। সেখানে ২টি শিশু দেখতে পাওয়া যায়। তারা আনন্দের সঙ্গে সেখানে খেলাধুলা করছে।

এরপর পরিদর্শনকারী দলটি জাতীয় আরকাইভস ভবন ও জাতীয় গ্রন্থাগার ভবনের নিচতলায় সংশোধিত সিটিজেন্স চার্টারের ডিজিটাল বোর্ড স্থাপনের স্থান চিহ্নিত করেন।



(মোঃ সুজায়েত উল্লাহ)
পরিচালক (যুগ্মসচিব)

ও

সভাপতি

সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ কমিটি

মহাপরিচালক
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।